# ফিড দ্যা ফিউচার বাংলাদেশ
# লাইভস্টক এন্ড নিউট্রিশন এক্টিভিটি

দরখাস্তের জন্য আহবানঃ জুলাই, ২০২৩



USAID FROM THE AMERICAN PEOPLE

ACDI VOCA Expanding Opportunities Worldwide

Disclaimer: This document is made possible by the support of the American people through the United States Agency for International Development (USAID). The opinions expressed herein are those of the ACDI/VOCA's and do not necessarily reflect the views of the U.S. Government or USAID.

| | |
|---|---|
| কার্যাবলীর নাম | ফিড দ্যা ফিউচার বাংলাদেশ লাইভস্টক এন্ড নিউট্রিশন এক্টিভিটি |
| বাস্তবায়নকারী সংস্থা | এসিডিআই/ভিওসিএ (ACDI/VOCA) |
| দরখাস্তের জন্য আহবান (সিএফএ) নম্বর | জে২০৫২-সিএফএ –০৩ (J2052-CFA-03) |
| ইস্যুর তারিখ | জুলাই ২৭, ২০২৩ |
| দরখাস্ত গ্রহনের শেষ তারিখ | দরখাস্তগুলো নিয়মিতভাবে মূল্যায়ন করা হবে জুলাই ২৬, ২০২৪ সাল পর্যন্ত প্রতি মাসের শেষে। |
| আবেদন করার সিএফএ এর ধরণ | এমএসএমই ধরন -১ : দুগ্ধপন্য প্রস্তুতকারী, দুগ্ধ সংগ্রহকারী এবং সরবরাহকারী<br>এমএসএমই ধরন -২ : সাইলেজ উদ্দোক্তা<br>এমএসএমই ধরন -৩ : পশুখাদ্য বা পশুখাদ্য নার্সারি উদ্যোক্তা<br>এমএসএমই ধরন -৪ : খড়ের উদ্যোক্তা<br>এমএসএমই ধরন -৫ : ভার্মি কম্পোস্ট উদ্যোক্তা<br>এমএসএমই ধরন -৬: উপরে উল্লিখিত বিভাগগুলির পাশাপাশি, পশুপালন-সংক্রান্ত (গরু এবং ছাগল) অন্যান্য উত্পাদনক্ষম এমএসএমইগুলিও আবেদন করতে পারবেন। |
| দরখাস্তের বিষয়বস্তু | দরখাস্তে একটি সিএফএ ফরম, একটি কারিগরি প্রস্তাব, ও একটি অর্থনৈতিক প্রস্তাব থাকা উচিৎ (সংযুক্তি -এ) |
| প্রদত্ত ই-মেইল ঠিকানায় এই আবেদন সংশ্লিষ্ট প্রশ্নগুলো পাঠাতে হবে | ই-মেইল: procurement@acdivocalpin.org |

## এক্টিভিটি এর লক্ষ্য এবং উদ্দেশ্য

ইউএসএআইডি (USAID) ফিড দ্যা ফিউচার বাংলাদেশ লাইভস্টক এন্ড নিউট্রিশন এক্টিভিটি (এখন থেকে এটিকে শুধু "দ্যা এক্টিভিটি" বলা হবে) এর লক্ষ্য হচ্ছে গবাদিপশুর উৎপাদন, বাজারজাতকরণ সম্ভাবনা, উন্নত পুষ্টি এবং ১০ লাখ গবাদি পশু লালন-পালনকারী পরিবারের আয় বৃদ্ধি করা। এই কর্মসূচিতে একটি অন্তর্ভুক্তিমূলক বাজার ব্যবস্থার অনুসরণ করে কার্যকর ভাবে বেসরকারি এবং সরকারি খাতের ব্যয়যোগ্য

সম্পদ, প্রযুক্তি এবং দক্ষতা ব্যবহারের মাধ্যমে একটি সমাধান সৃষ্টির লক্ষ্যে কাজ করবে। দ্যা এক্টিভিটি এর উদ্দেশ্যগুলি নিম্নরূপ:

- প্রাণিসম্পদ উৎপাদনশীলতা উন্নত করা, দুগ্ধদানকারী গাভীর দুধ উৎপাদন বৃদ্ধি এবং ষাড় ও ছাগলের মাংস উৎপাদন বৃদ্ধি করা।
- দুধ ও মাংসজাত পণ্যের বহুমুখীকরণ এবং বিপণনযোগ্যতা উন্নতি করা।
- আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে উন্নত গবাদিপশু ও ছাগলের সরবরাহ ও বিক্রয় বৃদ্ধি করা।
- গৃহস্থালির পুষ্টি নিশ্চিত করতে নিরাপদ ও বৈচিত্র সম্পন্ন দুগ্ধজাত এবং মাংসজাত পণ্যের ভোক্তার ব্যবহার বাড়ানো।
- উৎপাদনকারী, সেবা প্রদানকারী, কর্মচারী ও ব্যবসার মালিক হিসেবে নারী ও যুবকদের এবং অবহেলিত সম্প্রদায়ের সদস্যদের ব্যবসায়িক অর্থনীতির বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণ বৃদ্ধি করা ও তাদের ক্ষমতায়ন করা।
- গবাদিপশু ও ছাগলের বাজারে নিয়োজিত বা ব্যবসার সাথে জড়িত লোকজনদের অর্থনৈতিক পণ্য ও সেবার সহজলভ্যতা নিশ্চিত করা।
- গবাদি পশুর বাজারে তথ্যপ্রযুক্তির ব্যবহার এবং গুণগত পরিবেশ নিশ্চিত করা সে সকল এলাকায় যেখানে এগুলো অনুপস্থিত।
- সুযোগ-সুবিধা নিশ্চিতকারী এবং অংশগ্রহণমূলক কর্মকাণ্ড বৃদ্ধির মাধ্যমে গবাদি পশু উৎপাদনকারী কৃষক, সেবা প্রদান কারী, ও অন্যান্য বেসরকারি অর্থ উপার্জনকারী সংস্থার আয় বৃদ্ধি করা।

**এমএসএমই (MSME) অনুদানের মূল লক্ষ্য**

- স্থানীয় এমএসএমইকে (মাঝারি বা বড় খামার ব্যতীত) উন্নত করা ও তাদের ব্যবসায়ী উদ্যোগ সম্পর্কে ধারণা দেয়া যাতে করে স্বল্পমূল্যে বিকল্প পশু খাদ্যর সহজলভ্যতা বৃদ্ধি করা যায় যা ক্ষুদ্র বিক্রেতাদের জন্য পরবর্তীতে গবাদি পশুর স্বাস্থ্য এবং উৎপাদনের হার বৃদ্ধি করবে।
- বৈচিত্র সম্পন্ন দুগ্ধজাত খাবারের নিরাপদতা ও মান বৃদ্ধি করার লক্ষ্যে ক্ষুদ্রাকৃতির দুগ্ধজাত খাবার উৎপাদক/প্রস্তুতকারী ও সংরক্ষণকারীদের সাথে কাজ করা, যাতে করে তাদের সরবরাহ পদ্ধতি উন্নত হয়, তারা নতুন ও বৈচিত্র সম্পন্ন দুগ্ধজাত খাবার তৈরি করতে পারে, তাদের ব্যবসার সম্প্রসারণ করা, একই সাথে নিরাপদ খাদ্য নিশ্চিত করা এবং প্রাসঙ্গিক নিয়ম কানুনের সাথে মিলিয়ে চলা।
- টেকসই ব্যবস্থা চালু করার লক্ষ্যে এবং গবাদিপশু উৎপাদনের পরিবেশগত প্রভাব কমানোর উদ্দেশ্যে ভার্মিকম্পোস্টের মতো জৈব সার তৈরি করতে সার ব্যবস্থাপনায় জড়িত স্থানীয় এমএসএম (MSME) গুলির সাথে সহযোগিতা করা।
- উদ্ভাবন এবং উদ্যোক্তাকে অগ্রসর করার সাথে সাথে পশুসম্পদ সেক্টরে অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্য বাড়ানোর জন্য তাদের কার্যকর ব্যবসার সুযোগ তৈরি করতে এই অনুদান সহায়তার মাধ্যমে আরও বেশি নারী এবং যুব নেতৃত্বাধীন এমএসএম (MSME) কে উন্নীত করা।

এই অর্থ সহায়তা এম এস এমইকে বাজারজাত কার্যাবলীর সাথে সংযুক্ত করার সাথে সরাসরি ভাবে সংযুক্ত, যাতে করে তারা উন্নত প্রযুক্তির সহায়তা নিতে পারে এবং তাদের পরিচালনা ব্যয় কমিয়ে আরো লাভজনক ব্যবসার উদ্যোগ সৃষ্টি করতে পারে। এই অর্থ সহায়তা কার্যাবলীর লক্ষ্য হচ্ছে এমএসএমই (MSME) এর বিস্তার ও সংযোগ এবং তাদের চূড়ান্ত উৎপন্ন পণ্যের পরিমাণ ও মূল্যবৃদ্ধি করা।

## এমএসএমই শ্রেনী-১: দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী ও সংরক্ষণকারী

এমএসএমই দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী ও সংরক্ষণকারী হল ব্যক্তি বা ছোট আকারের গোষ্ঠী যারা দুধ/দুগ্ধজাত পন্য উৎপাদন এবং প্যাকেটজাতকরণ, আঞ্চলিকভাবে উৎপাদিত দুধের বিপণন, ডেইরি কম্পো-নেন্টস এবং/অথবা দুগ্ধজাত পণ্য সরবরাহ পদ্ধতিতে বৈচিত্র্য নিয়ে আসে।

এই কার্যক্রমটি একটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ সম্মুখীন করার দায়িত্ব সম্পাদন করবে, যথা, এমএসএমই (MSME) দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের প্রক্রিয়াজাতকরণ মান, বিপণন যোগ্যতা, পণ্য এবং প্রক্রিয়া উন্নয়ন, গুণমানের উন্নতি, নিরাপদ খাদ্য এবং জেড ও আই (ZOI) ও জেড ও আর (ZOR) অঞ্চল জুড়ে নিয়মাবলী অনুসারণ ( regulatory compliance) বৃদ্ধিতে সহায়তা করা।

অধিকাংশ এমএসএমই (MSME) দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী বর্তমানে মান নিয়ন্ত্রণ, নিরাপদ খাদ্য প্রবিধান এবং সার্টিফিকেশন মেনে চলে না। অ্যাক্টিভিটি সমর্থন বিশেষ করে দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের জন্য সুবিধাজনক হবে যারা তাদের ব্যবসা পরিসর বৃহত্তর এবং ব্যবসায়িক বৃদ্ধির জন্য মান্নোনয়ন করতে চাচ্ছে, একই সাথে দুগ্ধ উৎপাদনে গুণগত মান নিশ্চিতকরণ এবং খাদ্য সুরক্ষা অনুশীলনগুলিকে উন্নত করতে।

বৈচিত্র্যময় দুগ্ধজাত পণ্যের জন্য ক্রমবর্ধমান বাজারের চাহিদার ফলশ্রুতিতে, এমএসএমই (MSME) দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীগন নতুন পণ্য, যেমন মিষ্টি, ঘি, দই ও দইজাত পানীয়, মোড়কজাত কাঁচা দুধ, মাখন এবং চিজ/পনিরের মতো পণ্যগুলি উন্নতকরণে গভীর আগ্রহ প্রকাশ করেছে। পণ্যের নির্বাচন শেলফ লাইফ, প্রক্রিয়াজাতকরন ক্ষমতা এবং বিভিন্ন দুগ্ধজাত পণ্যের বাজার সম্ভাবনার উপর নির্ভরশীল হবে। এই প্রেক্ষাপটে, অ্যাক্টিভিটি দুগ্ধজাত পণ্যের বৈচিত্র্যকরণ এবং উৎপাদিত পন্যের প্রচারে সহায়তা করার একটি কৌশলগত সুযোগ রয়েছে, যা এমএসএমই (MSME) দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীগন কে উদীয়মান বাজারের প্রবণতাকে পুঁজি করতে এবং তাদের গ্রাহক পরিসর প্রসারিত করতে সক্ষম করে।

### কোন উপায়ে একটি অনুদান তহবিল ব্যবহার করা যেতে পারে:

- কাঁচামাল (যেমন দুধ, চিনি, জ্বালানি), প্রক্রিয়াজাতকরণের জন্য অতিরিক্ত শ্রমিক নিয়োগ এবং অনুরূপ ব্যয়ের সাথে সম্পর্কিত পরিচালন ব্যয়গুলি মিটানোর জন্য তহবিল বরাদ্দ করণ।
- বিক্রয় বৃদ্ধির জন্য বৈচিত্র্যময় নিরাপদ দুগ্ধজাত পণ্যের সচেতনতা এবং প্রচার বাড়ানোর জন্য এলাকার ভিতরে এবং বাইরে বিভিন্ন গুরুতবপূর্ন স্থান সমুহে প্রচারমূলক উপকরণ (ব্যবসায়িক কার্ড, স্টিকার, লিফলেট, পোস্টার ইত্যাদি) ব্যবহার করণ।
- বাজার এলাকায় অল্প ধারণ ক্ষমতার খুচরা দোকানের উপর জোর দেয়া যাতে করে বৈচিত্র সম্পন্ন দুগ্ধজাত পণ্য বিক্রয় করা যায়।
- ব্র্যান্ডেড প্যাকেজিং বা ল্যাবেলিংকে প্রচারনার কৌশল হিসেবে চালু করা যাতে করে এই ব্র্যান্ড বা ব্র্যান্ডের পরিচিতি বৃদ্ধি পায়।
- মোবাইল প্ল্যাটফর্ম এবং ফেসবুক ও হোয়াটসঅ্যাপের মতো অনলাইন বিপণন কৌশলগুলিকে ব্যবহার করা যাতে বর্তমান এবং নতুন অঞ্চলে বৈচিত্র্যসম্পন্ন দুগ্ধজাত পণ্যের প্রচারণা বৃদ্ধি পায়, যার ফলে ক্রেতার দ্বার প্রান্তে পৌঁছানো যায়।
- নিম্নলিখিত যন্ত্রপাতির ব্যবব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যবসার যান্ত্রিকায়ন।
  - মিল্ক স্টোরেজ tanks.
  - মাইক্রো - চিলারস


USAID FROM THE AMERICAN PEOPLE
ACDI VOCA Expanding Opportunities Worldwide

- মিল্ক পাইপলাইনস
- ফ্লুইড মিল্ক প্যাকেজিং ইকুইপমেন্ট
- পাস্তুরাইজারজ এবং/অথবা হোমোজিনাইজারজ
- সেপারেটরস
- প্যাকেজিং ইকুইপমেন্ট
    - ফিলারস
    - খভ্যাকুয়াম সিলারস
    - লেবেল মেশিনস
- বিশেষ ম্যানুফ্যাকচারিং ইকুইপমেন্ট
    - চিজ ভ্যাটস, ড্রেইন টেবিলস, ওয়াক্স tanks, ব্রাইন tanks, মোল্ডস, প্রেসেস
    - কার্ড ইনকিউবেটর
    - আইসক্রিম তৈরির মেশিন
    - দুধের মান যাচাইয়ের জন্য গবেষণাগার স্থাপন
- বিশেষায়িত ব্যবহারের জন্য শিল্পকারখানার তাপমাত্রা নিয়ন্ত্রণ:
    - কমার্শিয়াল ফ্রিজারস, রেফ্রিজারেটরস এবং কুলারস
    - চিজ এজিং ইনভায়রনমেন্টাল কনট্রোলস
    - আপগ্রেডেড মাইক্রো - চিলারস
- প্লান্ট মডার্নাইজেশন
    - ক্লিন ইন প্লেইস (সিআইপি) ওয়াশ সিস্টেম
    - সিস্টেমস ফর ওয়াটার রিক্লামেশন
    - ক্লিন আউট অভ প্লেইস (সিওপি) ওয়াশ tanks
- দুধ সংরক্ষণ মেশিন যেমন থার্মোকাপল/ চিলার ভ্যান।

**নির্বাচিত হওয়ার যোগ্যতা:**

- আবেদনকারীকে অবশ্যই নূন্যতম ২ বছরের সনদ প্রাপ্ত অনুমোদিত দুগ্ধ প্রসেসর হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে (এই অর্থ সহায়তার ক্ষেত্রে দুধ বলতে বুঝানো হচ্ছে দুগ্ধজাত পণ্য বা দুগ্ধজাত খাবার)
- এই অর্থ সহায়তার জন্য যোগ্য হতে আবেদনকারী কে অবশ্যই গড়ে দিনে ৫০ লিটারের বেশি দুধ প্রসেস করতে সক্ষম হতে হবে। এই পরিমাণ কাঁচামাল হিসেবে ব্যবহৃত দুধের পরিমাণ, চূড়ান্তভাবে তৈরি হওয়া খাদ্যদ্রব্যের সাথে সম্পর্কযুক্ত নয়।
- আবেদনকারীদের অবশ্যই একটি সরবরাহ সুবিধা (প্রসেসিং ফেসিলিটি) থাকতে হবে যেখানে দুধ সংগ্রহ করা হবে যশোর, খুলনা, বরিশাল, ফরিদপুর বা কক্সবাজারসহ অন্যান্য দক্ষিণ পশ্চিম উপকূলীয় এলাকার কৃষকদের থেকে।
- আবেদনকারীদের অবশ্যই বাজার এলাকায় দুগ্ধজাত পণ্য বিক্রয়ের উদ্দেশ্যে নিয়োজিত খুচরা দোকান থাকতে হবে।
- আবেদনকারীর অবশ্যই সাধারণ হিসাবরক্ষণ ও প্রদর্শন দক্ষতা থাকতে হবে। স্মার্ট ফোন ব্যবহারকারীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- এটি কাম্য যে আবেদনকারীরা কাজের প্রতি আন্তরিকতা প্রদর্শন করবে এবং অর্থ সহায়তার নির্দেশনা এবং প্রতিবেদন জমা দানের নিয়ম মেনে চলবে।

- যে সকল নারী বা যুবকদের সম্ভাবনাময় ব্যবসায়ী পরিকল্পনা এবং অর্থ সহায়তার আবেদন রয়েছে তাদের ক্ষেত্রে ব্যতিক্রম ঘটতে পারে।
- এই অর্থ সহয়তা দিয়ে ব্যবসা পরিচালনা প্রশিক্ষণ নেয়া যেতে পারে যেখানে আইসিটি মার্কেটিং সংযোজিত করা হয়, বিশেষ করে নারী ও যুবকদের জন্য ব্যবসার প্রতিযোগিতা এবং বৃদ্ধির উপর প্রশিক্ষণ দেয়া হয়।
- আবেদনকারীকে অবশ্যই এই প্রকল্পের প্রতি আত্মনিয়োগ করতে হবে এবং টাকা বা পণ্য দিয়ে এই প্রকল্পের পরিচালনা খরচের অংশীদারী হতে আগ্রহী হতে হবে। পুরো অর্থ সহায়তা জুড়ে তাদের ইউএসএআইডি নিয়মানুবর্তিতা ও নির্দেশনা মেনে চলতে হবে।

## এমএসএমই শ্রেনী-২: সাইলেজ উদ্যোক্তা

সাইলেজ উদ্যোক্তা বলতে সে সকল ব্যক্তি বা ছোট দলকে বুঝায় যারা সাইলেজ সংগ্রহ, উৎপাদন ও বিক্রয়ের সাথে জড়িত (বিশেষ করে ভুট্টা) একটি বাণিজ্যিক উদ্যোগ হিসেবে। সাইলেজ উদ্যোক্তাদের নির্বাচন এবং তাদের সাথে কাজ করার অংশ হিসেবে এটি অত্যাবশ্যক যে যেসব এলাকায় ভুট্টা চাষ খুব কম হয়ে থাকে তা সনাক্ত করা, যার ফলে সাইলেজের সহজলভ্যতা কমে আসে। অধিকন্ত এটা আরো গুরুত্বপূর্ণ যে সেসব এলাকায় কাজ করা যেখানে কৃষকদের বেসরকারী কোম্পানির সাইলেজ বিতরণ চ্যানেলের সুবিধা গ্রহণ করার সম্ভাবনা কম।

প্রাথমিক বাধাটি হচ্ছে প্রকল্পের আওতাভুক্ত এলাকায় সাইলেজের দুষ্প্রাপ্যতা এবং অপর্যাপ্ত প্রচার যার ফলে কৃষকদের মধ্যে স্বল্প খরচের গবাদি পশু খাবারের সমস্যা সমাধানের সম্পর্কে জ্ঞানের অভাব হয়েছে। অধিকন্ত ভালো মানসম্পন্ন ভুট্টার এবং ভুট্টার বীজের অতিরিক্ত দামের কারণে সাইলেজের খরচ বৃদ্ধি পায়। আরেকটি বাধা হচ্ছে উন্নত মানের পলিব্যাগের ব্যবহারের প্রয়োজনীয়তা যে ব্যাগগুলি ন্যূনতম ৩০ থেকে ৪০ কেজি সাইলেজ ধারণ করতে সক্ষম। এছাড়াও সংরক্ষণ সংক্রান্ত জটিলতা তৈরি হয় পোকামাকড় সংক্রমণের কারণে সাইলেজ ক্ষতিগ্রস্ত হলে।

অপর্যাপ্ত প্রারম্ভিক পুঁজি এবং পরিচালনা ব্যয়ও তাৎপর্যপূর্ণ বাধা, বিশেষ করে নারী এবং যুবকদের জন্য যারা উৎপাদনের জন্য আরো জমি বন্ধক নেয়ার বা অতিরিক্ত কাঁচামাল সংগ্রহের চেষ্টা করছেন। শ্রম সংকট এবং শ্রমমূল্যের বৃদ্ধিও প্রতিবন্ধকতা যা সরবরাহ খরচ বৃদ্ধি করে এবং লভ্যাংশ কমিয়ে দেয়। অধিকন্ত দক্ষ বিক্রয় ও বাজারজাত কৌশলের প্রয়োজনীয়তা রয়েছে বিশেষ করে নারী কেন্দ্রিক যাতে করে ক্রেতাদের সংখ্যা বৃদ্ধি করা যায়।

## কোন উপায়ে একটি অনুদান তহবিল ব্যবহার করা যেতে পারে:

- পরিচালনা ব্যয় মেটাতে এই অর্থ সহায়তা বরাদ্দ করা যেতে পারে যেমন আরো জমি ইজারা নেয়া, পরিবহন খরচ, পণ্য প্রস্তুতি সহায়তায় অতিরিক্ত শ্রমিক নিয়োগ, সারাবছরব্যাপী কাঁচামাল সংগ্রহ করা, বিভিন্ন এলাকার বিভিন্ন উৎস থেকে একই জাতীয় ব্যয় মেটানো।
- বাজার এলাকায় সীমিত সংরক্ষণ সামর্থ্য সম্পন্ন ছোট দোকানগুলিকে সংস্কার করা যাতে করে তারা সাইলেজ বিক্রয় করতে পারে।
- বিভিন্ন প্রদর্শনী দেখানো ও কৃষকদের মুক্ত আলোচনার উদ্যোগ নেয়া সাইলেজের উপকারিতা সম্পর্কে জানাতে, ক্ষুদ্র কৃষকদের উপর বিশেষ জোর দিয়ে।

- বিভিন্ন প্রচারণা পণ্যের সর্বোচ্চ ব্যবহার করা (যেমন বিজনেস কার্ডস, স্টিকারজ, লিফলেটস ও স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন দেয়া) এলাকার ভিতরে এবং বাইরে বিভিন্ন বাজার কেন্দ্রে যাতে করে সাইলেজের প্রচার ও এ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়।
- প্রচারণা কৌশল হিসেবে ব্র্যান্ডেড প্যাকেজিং অথবা ল্যাবেলিং ব্যবহার করা ব্র্যান্ডের প্রসার ও স্বীকৃতি বৃদ্ধি করতে।
- সাইলেজের বিক্রয় বৃদ্ধি করতে স্থানীয় এবং অন্যান্য নতুন এলাকায় বিভিন্ন মোবাইল প্ল্যাটফর্ম এবং অনলাইন মার্কেটিং কৌশল যেমন ফেসবুক ও হোয়াটসঅ্যাপ ব্যবহার করা যাতে করে আরো বেশি সংখ্যক কৃষক বা খামারের নিকট পৌঁছা যায়।
- ব্যবসার যান্ত্রিকায়ন যার মধ্যে আধুনিক যন্ত্রপাতির সংগ্রহ অন্তর্ভুক্ত যেমন ওয়াটার পাম্প, স্মল স্কেল মেইজ হারভেস্টার, পাওয়ার টিলার, উন্নত চপার মেশিন এবং কার্যকরী পরিবহন ব্যবস্থা নিশ্চিত করতে যন্ত্রচালিত ভ্যানগাড়ির ব্যবস্থা করা।
- সাইলেজ তৈরি করতে উচ্চতর কারিগরি প্রশিক্ষণ গ্রহণ করা, ব্যবসা ব্যবস্থাপনা প্রশিক্ষণে অংশগ্রহণ করা যেখানে আইসিটি মার্কেটিং এর ব্যবহার আছে, ব্যবসার প্রতিযোগিতা ও বৃদ্ধি নিশ্চিত করতে বিশেষ করে নারী ও যুবকদের জন্য।

**নির্বাচিত হওয়ার যোগ্যতা:**

- আবেদনকারীদের চারা চাষের (ভুট্টা) প্রয়োজনে অতিরিক্ত জমি ভাড়া নেওয়ার জন্য তাদের নিজ এলাকার মধ্যে এবং বাইরে অনান্য কৃষকদের সাথে যোগাযোগ থাকতে হবে।
- আবেদনকারীদের কাঁচামাল সংগ্রহের জন্য অবশ্যই নির্ভরযোগ্য উত্স থাকতে হবে, যেমন খোলা বাজার থেকে সংগ্রহ করা, নিজ এলাকা বা আশেপাশে অঞ্চলের ভুট্টা চাষি বা চুক্তি ভিত্তিক কৃষকদের কাছ থেকে।
- আবেদনকারীদের ভুট্টা চাষে ন্যুনতম দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে, পাশাপাশি বসতবাড়ির স্তরে সাইলেজ তৈরিতে প্রযুক্তিগত দক্ষতার সাথে আর্দ্রতা রক্ষণাবেক্ষণের জ্ঞান থাকতে হবে। মহিলা এবং তরুণ আবেদনকারীদের অভিজ্ঞতার প্রয়োজনীয়তাগুলি তাদের ব্যবসায়িক পরিকল্পনা এবং আবেদনের উপর ভিত্তি করে কিছুটা শিথিল করা হয়েছে।
- বিগত ৬ (ছয়) মাসে ১,০০,০০০ টাকা মুল্যমানের পন্য বিক্রয় সহ ন্যূনতম এক বছরের ব্যবসা/বিক্রয় অভিজ্ঞতা প্রয়োজন। যোগ্য মহিলা এবং যুব আবেদনকারীদের ক্ষেত্র শর্ত সাপেক্ষে কিছুটা শিথিল করা হয়েছে।
- সাইলেজ প্রক্রিয়াকরণের জন্য একটি চপার/কাটার আছে। ন্যূনতম প্রক্রিয়াকরণ ক্ষমতা প্রতি মাসে ১০-১৫ মেট্রিক টন।
- আবেদনকারীর কমপক্ষে ১০ থেকে ১৫ জন ফরোয়ার্ড মার্কেট উৎপাদক/খামারের সাথে দৃঢ় বিক্রয় সম্পর্ক থাকতে হবে। মহিলা এবং অল্প বয়স্ক আবেদনকারীদের ক্ষেত্র সম্পর্কের প্রয়োজনীয়তাগুলি কিছুটা শিথিল হবে৷
- মৌলিক রেকর্ডকিপিং এবং ডকুমেন্টেশন এর দক্ষতা আছে। একটি স্মার্টফোন ব্যবহারে সক্ষম।
- এক্টিভিটির সাথে কাজ করার জন্য দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ থাকবে, অনুদানের নির্দেশিকা এবং রিপোর্টিং এর মানদণ্ড মেনে চলা অত্যন্ত কাম্য।
- আবেদনকারীকে অবশ্যই এই প্রকল্পের প্রতি আত্মনিয়োগ করতে হবে এবং টাকা বা পণ্য দিয়ে এই প্রকল্পের পরিচালনা খরচের অংশীদারী হতে আগ্রহী হতে হবে। পুরো অর্থ সহায়তা জুড়ে তাদের ইউএসএআইডি নিয়মানুবর্তিতা ও নির্দেশনা মেনে চলতে হবে।

## এমএসএমই শ্রেনী-৩: পশুখাদ্য বা পশুখাদ্য নার্সারি উদ্যোক্তা

পশুখাদ্য বা পশুখাদ্যের নার্সারি উদ্যোক্তারা হলেন ব্যক্তি বা ক্ষুদ্র গোষ্ঠী যারা প্রাথমিক উদ্দেশ্যে জাম্বো, পাকচং, জারা এবং নেপিয়ার, জার্মান সহ বিভিন্ন ধরণের ঘাস চাষ, উৎপাদন বা সংগ্রহে নিয়োজিত। উৎপাদিত খাদ্য স্থানীয় কমিউনিটির ছোট বা মাঝারি আকারের দুগ্ধ খামারিদের মাঝে সরবরাহ করাই এর প্রাথমিক উদ্দেশ্য।

উন্নত চারার বীজ এবং কাটিং প্রাপ্তির অভাব একটি বড় চ্যালেঞ্জ। উপরন্তু, চাষের জন্য ব্যবহার যোগ্য জমির অভাব, লবণাক্ততা এবং জলাভূমির মতো প্রাকৃতিক সীমাবদ্ধতার প্রভাব উত্পাদনশীলতাকে প্রভাবিত করে। অতএব, এই চ্যালেঞ্জ উত্তরণে লবণাক্ত এবং জল-সহনশীল জাতের বীজ প্রয়োজন।

বিক্রয় এবং বিপণনের সীমাবদ্ধতা আরেকটি চ্যালেঞ্জ, কারণ কৃষকরা পশুখাদ্য খাওয়ানোর সুবিধা সম্পর্কে সচেতন নয় এবং প্রায়শই এটি ভুল সময়ে ক্রয় করে, যার ফলে এর পুষ্টির মান কমে যায়। অধিকন্তু, উচ্চমূল্যের কারণে বাজার থেকে পশুখাদ্য কেনার কম অনুশীলন একটি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ। প্রচারমূলক উপকরণ যেমন লিফলেট, পোস্টার এবং সাইনবোর্ডের অভাব, সেইসাথে স্থানীয় কেবল বিজ্ঞাপন, সম্ভাব্য গ্রাহকদের কাছে পৌঁছানো এবং পশুখাদ্যের কাটিং বিক্রির প্রচার করা কঠিন করে তোলে।

অপর্যাপ্ত প্রারম্ভিক মূলধন এবং পরিচালন ব্যয় উল্লেখযোগ্য বাধা, বিশেষ করে মহিলা এবং যুবকদের জন্য যারা ইজারা নিয়ে অতিরিক্ত জমি অধিগ্রহণ করতে চায়। পরিবহন খরচও একটি তাৎপর্যপূর্ণ বিষয়, কারণ প্রয়োজন অনুযায়ী এটি কৃষক/খামারে সরবরাহ করা প্রয়োজন। শ্রমিকের ঘাটতি এবং শ্রম ব্যয় বৃদ্ধি অন্যান্য চ্যালেঞ্জ যা প্রক্রিয়াকরণ ব্যয় বৃদ্ধি করে এবং মুনাফাকে ক্ষতিগ্রস্ত করে। অধিকন্তু, একটি দক্ষ বিক্রয় এবং বিপণন কৌশল প্রয়োজন, বিশেষ করে মহিলাদের লক্ষ্য করে, যাতে গ্রাহক সংখ্যা কার্যকরভাবে প্রসারিত হয়। উপরন্তু, কৃষকরা কম অর্থ প্রদান করে কাটিং কেনার জন্য, যা ব্যবসার লাভজনকতাকে আরও প্রভাবিত করে।

### কোন উপায়ে একটি অনুদান তহবিল ব্যবহার করা যেতে পারে:

- পরিচালন ব্যয় যেমন, আরও জমি ইজারা, পরিবহন খরচ, প্রক্রিয়াকরণের জন্য অতিরিক্ত শ্রমিক নিয়োগ, সারা বছরব্যাপী কাঁচামাল সংগ্রহ এবং বিভিন্ন এলাকার বিভিন্ন উৎস থেকে একই ধরনের খরচের জন্য তহবিল বরাদ্দ করণ।
- পশুখাদ্যের সুবিধাগুলো তুলে ধরার জন্য প্রদর্শনী, নার্সারি পরিদর্শন, উঠান বৈঠক এবং অনুরূপ উদ্যোগ পরিচালনা করণ।
- সচেতনতা এবং প্রচার বাড়ানোর জন্য এলাকার ভিতরে এবং বাইরে বিভিন্ন গুরুতবপূর্ন স্থান সমুহে প্রচারমূলক উপকরণ (ব্যবসায়িক কার্ড, স্টিকার, লিফলেট, পোস্টার, স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন, মাইকিং ইত্যাদি) ব্যবহার করণ।
- মোবাইল প্ল্যাটফর্ম এবং ফেসবুক ও হোয়াটসঅ্যাপের মতো অনলাইন বিপণন কৌশলগুলিকে ব্যবহার করুন যাতে বর্তমান এবং নতুন অঞ্চলে চারার বিক্রয় প্রসারিত হয়, যার ফলে উৎপাদকদের দ্বার প্রান্তে পৌঁছানো যায়।
- ব্যবসায়িক যান্ত্রিকীকরণ, দক্ষ পরিচালন সুবিধার্থে জলের পাম্প, ঘাস কাটার যন্ত্র, চপার মেশিন, রেক এবং কার্যকরী যোগাযোগের জন্য যান্ত্রিক ভ্যানগুলির মতো সরঞ্জামের অধিগ্রহণকে অন্তর্ভুক্ত করে।

- এই অর্থ সহয়তা দিয়ে ব্যবসা পরিচালনা প্রশিক্ষণ নেয়া যেতে পারে যেখানে আইসিটি মার্কেটিং সংযোজিত করা হয়, বিশেষ করে নারী ও যুবকদের জন্য ব্যবসার প্রতিযোগিতা এবং বৃদ্ধির উপর প্রশিক্ষণ দেয়া হয়।

**নির্বাচিত হওয়ার যোগ্যতা:**

- চারার চাষের জন্য ব্যক্তিগত মালিকানাধীন জমির পরিমান ন্যূনতম 30 ডেসিমেল থাকতে হবে এবং চারার চাষের জন্য অতিরিক্ত জমি ভাড়া নেওয়ার জন্য তাদের অঞ্চলের ভিতরে এবং বাইরে অন্যান্য কৃষকদের সাথে সম্পর্ক স্থাপন করতে হবে। নারী এবং যুবক আবেদনকারীদের জন্য ব্যতিক্রম করা যেতে পারে, যারা একটি ছোট জমির মালিকানার সাথে একটি নির্ভরযোগ্য সংগ্রহের উত্স এর জন্য যোগ্যতা অর্জন করতে পারে।
- নেপিয়ার, পাক চং, সুইট জাম্বো, প্যারা, জার্মান এবং অনুরূপ প্রজাতিকে অগ্রাধিকার দিয়ে জলবায়ু-স্মার্ট চারার জাত চাষ বা সংগ্রহে আগ্রহী।
- মোরিঙ্গা চাষ করা এবং মরিঙ্গার বীজ পদ্ধতির প্রচারের জন্য কাজ করা
- প্রয়োজনীয় ন্যূনতম ব্যবসা ক্ষমতা:
    - এক বছরের ব্যবসা/বিক্রয় অভিজ্ঞতা
    - ন্যূনতম চাষ করা জাত: ১ থেকে ২ জাত (তবে ৩ থেকে ৪ জাত অগ্রাধিকার প্রাপ্ত)
    - কাটিং বিক্রি করার জন্য ন্যূনতম সংযুক্ত কৃষক: ৩০-৪০
    - কাটিং এর ক্ষেত্রে প্রতি মাসে ন্যূনতম গড় বিক্রির পরিমাণ: ৪০০০-৫০০০ কাটিং
    - প্রতি মাসে ন্যূনতম গড় বিক্রয়: ৫০০০-১০,০০০ টাকা
    - যোগ্য মহিলা এবং তরুণ ব্যক্তিদের ব্যবসায়িক পরিকল্পনা এবং আবেদনের উপর নির্ভর করে যোগ্যতার শর্তাবলী শিথিল যোগ্য।
- মৌলিক রেকর্ডকিপিং এবং ডকুমেন্টেশন এর দক্ষতা আছে। একটি স্মার্টফোন ব্যবহারে সক্ষম।
- এক্টিভিটির সাথে কাজ করার জন্য দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ থাকবে, অনুদানের নির্দেশিকা এবং রিপোর্টিং এর মানদণ্ড মেনে চলা অত্যন্ত কাম্য।
- চাষের জন্য জৈব সার ব্যবহারকারী অগ্রাধিকার প্রাপ্ত।
- আবেদনকারীকে অবশ্যই এই প্রকল্পের প্রতি আত্মনিয়োগ করতে হবে এবং টাকা বা পণ্য দিয়ে এই প্রকল্পের পরিচালনা খরচের অংশীদারী হতে আগ্রহী হতে হবে। পুরো অর্থ সহায়তা জুড়ে তাদের ইউএসএআইডি নিয়মানুবর্তিতা ও নির্দেশনা মেনে চলতে হবে।

**এমএসএমই শ্রেনী-৪: খড়ের (hay) উদ্যোক্তা**

খড় প্রক্রিয়াকরণ এমন একটি প্রক্রিয়া যা ডাল এবং শিম জাতীয় ফসল ব্যবহার করে উচ্চ-মানের পশুখাদ্য উৎপাদনের জন্য এই ফসলের অবশিষ্টাংশ সংগ্রহ, শুকানো এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি জড়িত। উচ্চ-মানের খড় উৎপাদন ও বিক্রয়ের সাথে জড়িত ব্যক্তি বা ক্ষুদ্র গোষ্ঠীগুলি খড় উদ্যোক্তা নামে পরিচিত। খড়ের সাইলেজের সাম্প্রতিক প্রবর্তন এবং কৃষকদের দ্বারা ধীরে ধীরে গ্রহণের কারণে, ডাল এবং শিম চাষ করে এমন অঞ্চলে উদ্যোক্তা নির্বাচনের দিকে মনোনিবেশ করার জন্য এটি সুপারিশ করা হয়েছে। এই পদ্ধতিটি নিশ্চিত করবে সেই উদ্যোক্তাদের, যাদের খড়ের সাইলেজ উৎপাদনের জন্য স্থানীয়ভাবে উত্পাদিত প্রয়োজনীয় কাঁচামালের সহজ লভ্যতা এবং বিক্রয় সুবিধা আছে।

ডাল এবং শিমকে সাশ্রয়ী এবং পুষ্টিকর পশুখাদ্যে রূপান্তরের বিষয়ে জ্ঞানের অভাব একটি উল্লেখযোগ্য বাধা যা অবশ্যই অতিক্রম করতে হবে। তদুপরি, ফসল কাটার পরে বাড়িতে স্টোরেজ করার জন্য পর্যাপ্ত জায়গার অভাব সমস্যাটিকে আরও জটিল করে তোলে। ডাল এবং অবশিষ্টাংশের উৎপাদন হ্রাস খড় উৎপাদনের সমস্যাকে আরও বাড়িয়ে তোলে। বাজারজাতকরণের জন্য প্রচুর খড়ের বান্ডিল তৈরি করা সহজ নয়, যার ফলে বাজারে খড়ের সাইলেজের ঘাটতি দেখা দেয়। খড় চাপার জন্য যান্ত্রিকীকরণ সরঞ্জামের প্রয়োজনীয়তাও একটি চ্যালেঞ্জিং কারণ।

অপর্যাপ্ত প্রাথমিক মূলধন এবং পরিচালন ব্যয় উল্লেখযোগ্য বাধা, বিশেষ করে নারী ও যুবকদের জন্য যারা আরও জমি ইজারা নিতে এবং খড়ের সাইলেজ উৎপাদনের জন্য অতিরিক্ত কাঁচামাল সংগ্রহ করতে চায়। অধিকন্তু, একটি দক্ষ বিক্রয় এবং বিপণন কৌশল প্রয়োজন, বিশেষ করে মহিলাদের লক্ষ্য করে, গ্রাহক ভিত্তি কার্যকরভাবে প্রসারিত করার জন্য।

**কোন উপায়ে একটি অনুদান তহবিল ব্যবহার করা যেতে পারে:**

- পরিচালন ব্যয় যেমন, আরও জমি ইজারা, পরিবহন খরচ, প্রক্রিয়াকরণের জন্য অতিরিক্ত শ্রমিক নিয়োগ, সারা বছরব্যাপী কাঁচামাল সংগ্রহ এবং বিভিন্ন এলাকার বিভিন্ন উৎস থেকে একই ধরনের খরচের জন্য তহবিল বরাদ্দ করণ।
- প্রক্রিয়াজাত খড় বিক্রি করার জন্য স্টোরেজ ক্ষমতা বাড়াতে ছোট স্টোরেজ সংস্কার করুন।
- ক্ষুদ্র কৃষকদের উপর বিশেষ জোর দিয়ে খড়ের সুবিধাগুলি তুলে ধরার জন্য প্রদর্শনী এবং কৃষকদের উঠান বৈঠক পরিচালনা করুন। পাশাপাশি বিভিন্ন ধরনের ডাল ও শাক জাতীয় ফসলের ফলন বাড়ানোর জন্য শস্য আবর্তন ও আন্তঃফসল পদ্ধতিতে কৃষকদের উদ্‌বুদ্ধ করা।
- খড়ের সাইলেজ সচেতনতা এবং প্রচার বাড়ানোর জন্য এলাকার ভিতরে এবং বাইরে বিভিন্ন গুরুতবপূর্ন স্থান সমুহে প্রচারমূলক উপকরণ (ব্যবসায়িক কার্ড, স্টিকার, লিফলেট, পোস্টার, স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন, মাইকিং ইত্যাদি) ব্যবহার করণ।
- মোবাইল প্ল্যাটফর্ম এবং ফেসবুক ও হোয়াটসঅ্যাপের মতো অনলাইন বিপণন কৌশলগুলিকে ব্যবহার করুন যাতে বর্তমান এবং নতুন অঞ্চলে প্রক্রিয়াকৃত খড়ের সাইলেজ বিক্রয় সম্প্রসারণ হয়, যার ফলে উৎপাদকদের দ্বার প্রান্তে পৌঁছানো যায়।
- ব্যবসায়িক যান্ত্রিকীকরণ, দক্ষ পরিচালন সুবিধার্থে কাঠের বাক্স-এস, জলের পাম্প, হেলিকপ্টার মেশিন, রেক এবং কার্যকরী যোগাযোগের জন্য যান্ত্রিক ভ্যানগুলির মতো সরঞ্জামের অধিগ্রহণকে অন্তর্ভুক্ত করে।
- সারা বছর ধরে সোর্সিং এবং বিক্রয় বাড়ানোর পাশাপাশি প্রযুক্তিগত জ্ঞান বাড়ানোর লক্ষ্যে বিভিন্ন স্টেকহোল্ডার যেমন, কৃষক, বড় মাপের খামার, ব্যক্তিগত সেক্টর এবং অনুরূপ সংস্থাগুলির সাথে এক্সপোজার ভিজিট এবং/অথবা বৈঠকের পরিকল্পনা করুন এবং সংগঠিত করুন। একই সাথে পণ্যের মানয়োন্নয়ন নিশ্চিত করুন।

**নির্বাচিত হওয়ার যোগ্যতা:**

- আবেদনকারীদের ন্যূনতম 30 ডেসিমেল ব্যক্তিগত জমির মালিক হতে হবে এবং ডাল এবং শিম জাতীয় ফসল চাষের জন্য অতিরিক্ত জমি ভাড়া নিতে তাদের অঞ্চলের ভিতরে এবং বাইরে অন্যান্য কৃষকদের সাথে সম্পর্ক স্থাপন করতে হবে। নারী এবং যুবক আবেদনকারীদের জন্য ব্যতিক্রম করা যেতে পারে, যারা একটি ছোট জমির মালিকানার সাথে একটি নির্ভরযোগ্য সংগ্রহের উত্স এর জন্য যোগ্যতা অর্জন করতে পারে।

- আবেদনকারীদের কাঁচামাল সংগ্রহের জন্য নির্ভরযোগ্য উত্স থাকতে হবে, তাদের অঞ্চলের আশেপাশে বা বাইরে ডাল এবং শিম জাতীয় ফসলের চাষিদের কাছ থেকে বা চুক্তির ভিত্তিতে চুক্তি ভিত্তিক কৃষকদের কাছ থেকে।
- আবেদনকারীদের ন্যূনতম ২ বছরের ডাল এবং শিম জাতীয় শস্য চাষের অভিজ্ঞতা থাকতে হবে, সাথে দীর্ঘমেয়াদী সংরক্ষণ জ্ঞান সহ বাসস্থান স্তরে খড়ের সাইলেজ তৈরিতে প্রযুক্তিগত দক্ষতা থাকতে হবে। নারী এবং যুবক/তরুণ আবেদনকারীদের অভিজ্ঞতার প্রয়োজনীয়তা কিছুটা শিথিল যোগ্য।
- আবেদনকারীর কমপক্ষে ১৫ থেকে ২০ জন ফরোয়ার্ড মার্কেট উৎপাদক/খামারের সাথে দৃঢ় বিক্রয় সম্পর্ক থাকতে হবে। ব্যবসায়িক পরিকল্পনা এবং আবেদনের সাপেক্ষে মহিলা এবং তরুণ আবেদনকারীদের ক্ষেত্রে ফরোয়ার্ড মার্কেট উৎপাদক/খামারের সাথে সম্পর্কের প্রয়োজনীয়তাগুলি তাদের কিছুটা শিথিল করা হবে।
- মৌলিক রেকর্ডকিপিং এবং ডকুমেন্টেশন এর দক্ষতা আছে। একটি স্মার্টফোন ব্যবহারে সক্ষম।
- এক্টিভিটির সাথে কাজ করার জন্য দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ থাকবে, অনুদানের নির্দেশিকা এবং রিপোর্টিং এর মানদণ্ড মেনে চলা অত্যন্ত কাম্য।
- আবেদনকারীকে অবশ্যই এই প্রকল্পের প্রতি আত্মনিয়োগ করতে হবে এবং টাকা বা পণ্য দিয়ে এই প্রকল্পের পরিচালনা খরচের অংশীদারী হতে আগ্রহী হতে হবে। পুরো অর্থ সহায়তা জুড়ে তাদের ইউএসএআইডি নিয়মানুবর্তিতা ও নির্দেশনা মেনে চলতে হবে।

**এমএসএমই শ্রেনী-৫: ভার্মি কম্পোস্ট উদ্যোক্তা**

এক্টিভিটি এলাকায় ভার্মিকম্পোস্টের ব্যবহার প্রচারের সবচেয়ে বড় চ্যালেঞ্জ হল কৃষক এবং প্রাসঙ্গিক সম্ভাব্য গ্রাহকদের মধ্যে সচেতনতা এবং জ্ঞানের অভাব। ভার্মি কম্পোস্টের উপকারিতা বা কীভাবে এটি কার্যকরভাবে ব্যবহার করা যায় সে সম্পর্কে অনেকেই এখনও অবগত নন। আরেকটি প্রধান সীমাবদ্ধতা হ'ল সম্পদের সীমিত ব্যবহার, বিশেষত উপযুক্ত প্রক্রিয়াকরণ সরঞ্জাম। এটি বড় আকারে উচ্চ মানের ভার্মিকম্পোস্ট উত্পাদন করা কঠিন করে তুলে।

সার বিক্রি করতে কৃষকদের অনিচ্ছুকতা হল সবচেয়ে বড় বাধা, কারণ তারা এটি ব্যবহার করতে পছন্দ করে জ্বালানি কাঠ তৈরিতে। উপরন্তু, দীর্ঘ দূরত্ব থেকে সার সংগ্রহের জন্য উচ্চ পরিবহন খরচ আরেকটি চ্যালেঞ্জ যা উৎপাদন খরচ বাড়ায়। প্যাকেজিংও একটি জটিল সমস্যা, কারণ প্রয়োজনীয় আকারের প্যাকেজের খরচ এবং প্রাপ্যতা উৎপাদকদের জন্য একটি সীমাবদ্ধতার কারণ। সবশেষে, উচ্চ মানের হওয়া সত্ত্বেও ভার্মি কম্পোস্টের দাম অন্যান্য মূলধারার সারের তুলনায় কম।

অপর্যাপ্ত প্রাথমিক মূলধন এবং পরিচলন ব্যয় উল্লেখযোগ্য বাধা, বিশেষ করে নারী ও যুবকদের জন্য যারা ভার্মিকম্পোস্ট উৎপাদন সম্প্রসারণ করতে চায়। শ্রমিক ঘাটতি এবং শ্রমের বর্ধিত খরচ হল অন্যান্য চ্যালেঞ্জ যা প্রক্রিয়াকরণের খরচ বাড়ায় এবং লাভের ক্ষতি করে। অধিকন্তু, একটি দক্ষ বিক্রয় এবং বিপণন কৌশল প্রয়োজন, বিশেষ করে নারীদের লক্ষ্য করে, গ্রাহক ভিত্তি কার্যকরভাবে প্রসারিত করার জন্য।

**কোন উপায়ে একটি অনুদান তহবিল ব্যবহার করা যেতে পারে:**

- বিভিন্ন উত্স থেকে সার ক্রয়/সংগ্রহ, পরিবহন খরচ, প্রক্রিয়াকরণের জন্য অতিরিক্ত শ্রমিক নিয়োগ, আরও রিং, কেঁচো এবং অনুরূপ খরচ-এর সাথে সম্পর্কিত পরিচালন ব্যয় করার জন্য তহবিল বরাদ্দ করণ।
- ভার্মিকম্পোস্ট উৎপাদনের ক্ষমতা বাড়ানোর জন্য অতিরিক্ত শেড স্থাপন করে সার সংরক্ষণ এবং নতুন রিং স্থাপন করণ।
- ভার্মিকম্পোস্টের প্রচার ও বিক্রির জন্য খুচরা দোকানের মধ্যে ছোট স্টোরেজ ক্ষমতা সহ প্রদর্শন করণ। প্রণোদনার মাধ্যমে গ্রাহকদের বিক্রয় প্রস্তাব দেওয়া যেতে পারে এমন প্রণোদনার খরচ।
- ক্ষুদ্র ধারক কৃষকদের উপর বিশেষ জোর দিয়ে ভার্মিকম্পোস্টের সুবিধাগুলি তুলে ধরতে গ্রাহকদের সাথে প্রদর্শনী, বাড়ি, খুচরা দোকান, খামার এবং নার্সারি পরিদর্শন, উঠান বৈঠক পরিচালনা করণ।
- ভার্মিকম-পোস্ট এর সচেতনতা এবং প্রচার বাড়ানোর জন্য এলাকার ভিতরে এবং বাইরে বিভিন্ন গুরুতবপূর্ন স্থান সমুহে প্রচারমূলক উপকরণ (ব্যবসায়িক কার্ড, স্টিকার, লিফলেট, পোস্টার, স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন, মাইকিং ইত্যাদি) ব্যবহার করণ।
- ব্র্যান্ডের প্রচার এবং ব্র্যান্ডের স্বীকৃতি বাড়ানোর জন্য একটি প্রচারমূলক কৌশল হিসাবে বিভিন্ন আকারের ব্র্যান্ডেড প্যাকেজিং বা লেবেলিং (৫ কেজি থেকে ৪০ কেজি) প্রবর্তন করণ।
- মোবাইল প্ল্যাটফর্ম এবং ফেসবুক ও হোয়াটসঅ্যাপের মতো অনলাইন বিপণন কৌশলগুলিকে ব্যবহার করুন যাতে বর্তমান এবং নতুন অঞ্চলে ভার্মিকম্পোস্ট বিক্রয় সম্প্রসারিত করতে, যার ফলে উৎপাদকদের দ্বার প্রান্তে পৌঁছানো যায়।
- ব্যবসায়িক যান্ত্রিকীকরণ, ভাল মানের সার আলাদা করার জন্য স্বয়ংক্রিয় ভার্মিকম্পোস্ট বিভাজক মেশিন, সেলাই মেশিন, ওজন মেশিন এবং দক্ষ পরিবহনের সুবিধার্থে যান্ত্রিক ভ্যানগুলির মতো সরঞ্জামের অধিগ্রহণকে অন্তর্ভুক্ত করে।
- বিভিন্ন স্টেকহোল্ডার যেমন কৃষকদের, বড় মাপের খামার, ব্যক্তিগত সেক্টর, ইনপুট শপ এবং অনুরূপ সংস্থাগুলির সাথে এক্সপোজার ভিজিট এবং/অথবা মিটিং এর পরিকল্পনা এবং সংগঠিত করণ। যার উদ্দেশ্য প্রচার এবং বিক্রয় বাড়ানোর পাশাপাশি প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধি করা। একই সাথে পণ্যের মানয়োন্নয়ন নিশ্চিত করুন।
- ভার্মিকম্পোস্ট উৎপাদনের বিষয়ে আধুনিক কারিগরি প্রশিক্ষণে যোগ দিন, ব্যবসা পরিচালনার প্রশিক্ষণ- যা আইসিটি বিপণনকেও অন্তর্ভুক্ত করে, বিশেষ করে নারী ও যুবকদের জন্য ব্যবসার প্রতিযোগিতা এবং বৃদ্ধির উপর দৃষ্টি নিবদ্ধ করে।

## নির্বাচিত হওয়ার যোগ্যতা:

- বসতবাড়ি স্তরে ভার্মিকম্পোস্ট উৎপাদনের জন্য আবেদনকারীদের কমপক্ষে আট থেকে দশটি রিং সহ একটি ভার্মিকম্পোস্ট প্রক্রিয়াকরণ কাঠামো থাকতে হবে। মহিলা এবং যুবক আবেদনকারীরা কম সংখ্যক ভার্মিকম্পোস্ট প্রসেসিং রিং দিয়ে যোগ্যতা অর্জন করতে পারে যদি তাদের সার সংগ্রহের একটি নির্ভরযোগ্য উৎস থাকে।
- আবেদনকারীর খামার থেকে সার সংগ্রহের জন্য নির্ভরযোগ্য উৎস থাকতে হবে এবং সারা বছর নির্ভরযোগ্য সার সংগ্রহের জন্য কমপক্ষে ১৫ থেকে ২০টি খামার থাকতে হবে।
- আবেদনকারীদের ভার্মিকম্পোস্ট প্রক্রিয়াকরণ, প্যাকেজিং এবং বিক্রয়ে প্রযুক্তিগত দক্ষতার সাথে কমপক্ষে এক থেকে দুই বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মহিলা এবং তরুণ আবেদনকারীদের জন্য তাদের ব্যবসায়িক পরিকল্পনা এবং জমা দেওয়া আবেদনের ভিত্তিতে অভিজ্ঞতার প্রয়োজনীয়তাগুলি কিছুটা শিথিল করা হয়েছে।


- প্রয়োজনীয় ন্যূনতম ব্যবসা ক্ষমতা:
    - এক বছরের ব্যবসা/বিক্রয় অভিজ্ঞতা
    - সর্বনিম্ন প্রক্রিয়াকরণ ক্ষমতা: প্রতি মাসে ৪০০-৫০০ কেজি
    - গড় বার্ষিক বিক্রির পরিমাণ সর্বনিম্ন ১৫০০ কেজি
    - গড় বার্ষিক বিক্রয় মূল্য ৫০,০০০ থেকে ৭০,০০০ টাকা
    - যোগ্য মহিলা এবং তরুণ ব্যক্তিদের ব্যবসায়িক পরিকল্পনা এবং আবেদনের উপর নির্ভর করে যোগ্যতার শর্তাবলী শিথিল যোগ্য।
- আবেদনকারীর কমপক্ষে ২০ থেকে ২৫ জন ফরোয়ার্ড মার্কেট উৎপাদক/খামার/খুচরা দোকান/কৃষক/এনজিও/বেসরকারি খাতের সাথে দৃঢ় বিক্রয় সম্পর্ক থাকতে হবে। ব্যবসায়িক পরিকল্পনা এবং আবেদনের সাপেক্ষে মহিলা এবং তরুণ আবেদনকারীদের ক্ষেত্রে ফরোয়ার্ড মার্কেট উৎপাদক/খামারের সাথে সম্পর্কের প্রয়োজনীয়তাগুলি তাদের কিছুটা শিথিল করা হবে।
- মৌলিক রেকর্ডকিপিং এবং ডকুমেন্টেশন এর দক্ষতা আছে। একটি স্মার্টফোন ব্যবহারে সক্ষম।
- এক্টিভিটির সাথে কাজ করার জন্য দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ থাকবে, অনুদানের নির্দেশিকা এবং রিপোর্টিং এর মানদণ্ড মেনে চলা অত্যন্ত কাম্য।
- আবেদনকারীকে অবশ্যই এই প্রকল্পের প্রতি আত্মনিয়োগ করতে হবে এবং টাকা বা পণ্য দিয়ে এই প্রকল্পের পরিচালনা খরচের অংশীদারী হতে আগ্রহী হতে হবে। পুরো অর্থ সহায়তা জুড়ে তাদের ইউএসএআইডি নিয়মানুবর্তিতা ও নির্দেশনা মেনে চলতে হবে।

উপরে উল্লিখিত বিভাগগুলির পাশাপাশি, পশুপালন-সংক্রান্ত (গরু এবং ছাগল) অন্যান্য উত্পাদনক্ষম এমএসএমইগুলিও আবেদন করতে পারবেন।

**এক্টিভিটির কাজের এলাকাঃ**

এক্টিভিটি ২৩টি জেলায় কাজ করে, দক্ষিণ-পশ্চিম বাংলাদেশের ২১টি জেলা, যা খুলনা বিভাগ (যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কুষ্টিয়া), বরিশাল বিভাগ (বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী) কে অন্তর্ভুক্ত করে এবং ঢাকা বিভাগ (ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর)- জোন ওএফ ইনফ্লুয়েন্স (জেড ও আই), এবং চট্টগ্রাম বিভাগ থেকে ২টি জেলা (বান্দরবান ও কক্সবাজার)- জোন ওএফ রিসালাইন্স (জেড ও আর)।

Bangladesh Livestock and Nutrition Activity Working Area Map




**এক্টিভিটি কি প্রস্তাব দিবে**

এক্টিভিটি প্রস্তাবিত এবং ব্যবসায়িক মডেল/ধারণার উপর সম্মতি কার্যকর করার জন্য প্রযুক্তিগত এবং আর্থিক উভয় সহায়তা প্রদান করতে পারে:

- দ্যা লাইভস্টক এন্ড নিউট্রিশন এক্টিভিটি অনুদান অবদান সহ-সৃষ্টি (Co-creation) প্রক্রিয়া চলাকালীন ব্যবসায়িক মডেলের যোগ্যতা এবং আর্থিক প্রয়োজনীয়তার ভিত্তিতে অংশীদারের সাথে আলোচনা করা হবে।
- সম্ভাব্য এমএসএমই/ব্যক্তিগত সংস্থাগুলিকে তাদের ব্যবসা সম্প্রসারণের জন্য নগদ বা প্রকারে (in-kind) একটি পরিমাণ অবদান রাখতে হবে। পাইলট এবং প্রস্তাবিত ব্যবসায়িক মডেল বা কৌশলগত পরিকল্পনা উন্নত করা।
- প্রস্তাবিত মডেল/এমএসএমই হস্তক্ষেপের সফল বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা।
- অন্যান্য বাজার অ্যাক্টরদের সাথে ব্যবসায়িক যোগসূত্র সনাক্ত করা বা বিকাশ করা।

সিএফএ (CFA) এর মাধ্যমে প্রদত্ত আর্থিক সহায়তা নিম্নলিখিত গুলির জন্য ব্যবহার করা যাবে না:

- কাজের মূলধন (যেমনঃ- নিয়মিত কর্মীদের বেতন, ভবন/অফিস স্পেস/স্টোরেজ হাউসের ভাড়া)
- উৎপাদক/কৃষকদের সরাসরি অর্থ প্রদান/ভর্তুকি।
- সাধারণ স্থায়ী সম্পদ (যেমন, কম্পিউটার, যানবাহন)।
- সাধারণ ভৌত সম্পদ (যেমনঃ- ভবন, গুদাম, স্টোরেজ হাউস)।
- সরকার বা দাতা কর্মসূচিতে কোম্পানির সংগ্রহের উন্নতি বা প্রসারণ।
- যে কোনো ধরনের ক্রেডিট গ্যারান্টি স্কিম প্রদান করা।

**প্রত্যাশিত ফলাফল**

অনুদান তহবিলের মাধ্যমে এমএসএমই ডেইরি প্রসেসর/সমষ্টিকারী তাদের প্রক্রিয়ার মান, বিপণনযোগ্যতা, পণ্য এবং প্রক্রিয়া উন্নয়ন, গুণমান, খাদ্য নিরাপত্তা জেডওআই (ZOI) এবং জেডওআর (ZOR) অঞ্চল জুড়ে নিয়ন্ত্রক সম্মতিতে উল্লেখযোগ্য উন্নতি দেখতে পাবে বলে আশা করা হচ্ছে। অনুদান তাদের ব্যবসার পরিধি বাড়াতে, গুণমানের নিশ্চয়তা বাড়াতে এবং বৈচিত্র্যময় দুগ্ধজাত পণ্যের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে সক্ষম করবে।

সাইলেজ এবং খড় উদ্যোক্তারা অনুদান তহবিলের মাধ্যমে অপর্যাপ্ত প্রাথমিক মূলধন, পরিচালন ব্যয় এবং বিক্রয় ও বিপণন কৌশলের অভাবের মতো বাধাগুলি কাটিয়ে উঠবেন বলে আশা করা হচ্ছে। তহবিল বরাদ্দের মাধ্যমে সাইলেজ উদ্যোক্তারা তাদের ব্যবসা সম্প্রসারণ করতে, গুণগত বিকল্প খাবারের সমাধান সহ কৃষকদের বিস্তৃত পরিসরে সেবা দিতে এবং তাদের সামগ্রিক প্রতিযোগিতা বাড়াতে সক্ষম হবে।

পশুখাদ্য বা পশুখাদ্য নার্সারি উদ্যোক্তাদের সহায়তা মাধ্যমে ছোট এবং মাঝারি আকারের দুগ্ধ চাষি, স্থানীয় সম্প্রদায় এবং উদ্যোক্তাদের জন্য উল্লেখযোগ্য সুবিধা দেবে বলে আশা করা হচ্ছে। উচ্চতর চারার বীজ এবং কাটিং, জমির প্রাপ্যতা এবং প্রাকৃতিক সীমাবদ্ধতার মতো চ্যালেঞ্জ মোকাবেলা করার মাধ্যমে, উদ্যোক্তারা উন্নত মানের পশুখাদ্যের বিভিন্ন পরিসরে চাষ করতে আরও ভালভাবে প্রস্তুত হবে। এটি দুগ্ধ খামারীদের জন্য স্বাস্থ্যকর, আরও উত্পাদনশীল গবাদি পশু এবং লাভজনকতা বৃদ্ধি করবে।

ভার্মিকম্পোস্ট উদ্যোক্তাদের সহায়তা করার মাধ্যমে কৃষি খাত এবং পরিবেশ উভয়ের জন্য উল্লেখযোগ্য সুবিধার দিকে পরিচালিত করবে বলে আশা করা হচ্ছে। ভার্মিকম্পোস্ট সম্পর্কে সচেতনতা এবং জ্ঞানের

অভাব মোকাবেলা করার মাধ্যমে, কৃষক এবং সম্ভাব্য গ্রাহকরা এর উপকারিতা সম্পর্কে আরও অবগত হবে এবং কীভাবে এটি কার্যকরভাবে ব্যবহার করতে হয় তা শিখবে। এই বর্ধিত জ্ঞান ভার্মিকম্পোস্ট এবং এর ব্যবসার চাহিদা বাড়াবে বলে আশা করা হচ্ছে, এইভাবে এই উদ্যোক্তাদের গ্রাহক ভিত্তি প্রসারিত হবে।

**অনুদান তথ্য**

নীচে নির্দেশিত যে কোনো পরিমাণ অনুমান নির্ভর। আবেদনকারীরা উল্লেখিত পরিমানকে অনুদানের লক্ষ্য হিসাবে বা নিশ্চিত পরিমাণ হিসাবে অনুমান করা গ্রহণযোগ্য নয়।

| | |
|---|---|
| অনুদান প্রদানের অনুমান সংখ্যা | পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহন করা হবে |
| একটি স্বতন্ত্র অনুদানের সর্বোচ্চ পরিমাণ | সর্বোচ্চ অনুদান ইউ এস ডি ৫,০০০। চূড়ান্ত অনুদান মূল্য অংশীদারের সঙ্গে আলোচনার মাধ্যমে নির্ধারন করা হবে। |
| যে মুদ্রায় অনুদান জারি এবং প্রদান করা হবে | টাকা |
| একটি স্বতন্ত্র অনুদান সম্পাদনের প্রত্যাশিত সময়কাল (ব্যপ্তিকাল- মাস) | সর্বোচ্চ ১২ মাস |
| কার্যক্রম শুরু হওয়ার সম্ভব সময়কাল<br>*( দ্রষ্টব্য: অনুদান এই তারিখে শুরু হবে বলে বিবেচিত করা যাবে না। অনুদানের প্রাথমিক ব্যাচ কখন শুরু হবে তার একটি নির্দেশিকা মাত্র।)* | সেপ্টেম্বর ০১, ২০২৩ |
| আর্থিক অংশীদারিত্ব | উপরে উল্লেখ করা হয়েছে |
| সম্ভব্য জারীকৃত অনুদানের ধরন:<br><br>*( দ্রষ্টব্য: ACDI/VOCA দ্বারা চিহ্নিত করা যেতে পারে এমন ঝুঁকি সহ অনুদানের আবেদনের সমস্ত উপাদান মূল্যায়ন করার পরে অনুদানের উপকরণের চূড়ান্ত পছন্দ নির্ধারণ করা হবে।)*<br><br>[☒] **ইন-কাইন্ড গ্র্যান্ড**<br>• শুধুমাত্র পণ্য এবং পরিষেবা (নগদ অর্থ নয়) অনুদান গ্রহীতার কাছে স্থানান্তর করা হবে।<br>[☒] **মাইক্র গ্র্যান্ড**<br>• শুধুমাত্র এককালীন অনুদান, নগদ অনুদান দল, সংস্থা এবং ব্যক্তিদের জন্য পণ্য বা পরিষেবা প্রদানের মাধ্যমে সহায়তা প্রদান করা হয়। | |

**সম্ভাব্য আবেদনকারীদের যোগ্যতা**

স্থানীয়ভাবে নিবন্ধিত এবং প্রতিষ্ঠিত অংশীদারদের আবেদন করতে উত্সাহিত করা হচ্ছে। সমস্ত আবেদনকারীদের অবশ্যই নিম্নলিখিত বাধ্যতামূলক যোগ্যতা গুলির সক্ষমতা প্রদর্শন ও পূরণ করতে হবে।

১। অনুদান প্রাপ্ত হলে, অনুদানের কার্যক্রম এলাকা বা কার্যক্রমরত দেশে তার আইনী অবস্থা যথাযথভাবে নথিভুক্ত থাকতে হবে। তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট এলাকার নিবন্ধনের প্রমানাদি এবং

অন্যান্য প্রযোজ্য নথিপত্র দাখিল করতে হবে যা সংশ্লিষ্ট এলাকার প্রযোজ্য দেওয়ানী এবং আর্থিক প্রবিধানগুলির সাথে সঙ্গতিপূর্ণ।

২। সিস্টেম ফর অ্যাওয়ার্ড ম্যানেজমেন্টে (SAM) মার্কিন সরকারের তহবিল পাওয়ার অযোগ্য হিসাবে চিহ্নিত করা হয়নি।

৩। মার্কিন ট্রেজারি ফর দ্য অফিস অফ ফরেন অ্যাসেট কন্ট্রোল, বা "OFAC তালিকা" দ্বারা নির্ধারিত বিশেষভাবে মনোনীত নাগরিকদের (SDN) এবং ব্লক পারসন লিস্ট ব্যক্তিদের তালিকায় প্রদর্শিত থাকবে না।

৪। জাতিসংঘের সিকিউরিটি ডেজিগনেশন লিস্টে তালিকাভুক্ত নয়।

৫। অনুদানের গুরুত্বের উপর নির্ভর করে নিম্নলিখিত প্রয়োজনীয় সার্টিফিকেশনে স্বাক্ষর করতে এবং জমা দিতে ইচ্ছুক থাকবে। যদি ইউএসএআইডি (USAID) অনুদান প্রদান করেঃ

a. সার্টিফিকেশন অফ রিসিপেন্ট (*Certification of Recipient*)

৬। গবাদি পশুর দুধ এবং মাংসের বাজার ব্যবস্থাকে শক্তিশালী করে এমন উদ্ভাবন এবং সমাধানগুলিকে বাণিজ্যিকীকরণের জন্য অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই ব্যবসায়িক মডেল সম্প্রসারণ বা বিকাশে আগ্রহ রয়েছে।

৭। আদর্শভাবে, এটি আশা করা যায় যে ব্যবসাটি নিবন্ধিত হয়েছে এবং কমপক্ষে ছয় মাস থেকে এক বছরের জন্য একটি বৈধ ট্রেড লাইসেন্স রয়েছে। যাইহোক, ছোট আকারের উদ্যোক্তাতার প্রকৃতি বিবেচনা করে, প্রয়োজনীয় অভিজ্ঞতার পরিমাণ শিথিল করা যেতে পারে, যদি ব্যবসার একটি বৈধ ট্রেড লাইসেন্স থাকে। কৃষক, এলএসপি বিশেষ করে মহিলা এবং যুবক/যুবতি, কোম্পানি এবং অন্যান্য বাজার অ্যাক্টর সক্ষমতা বিকাশে বিনিয়োগের জন্য বাণিজ্যিক আগ্রহ এবং প্রণোদনা প্রদান করবে।

৮। ইউএসএআইডি (USAID) দ্বারা নিষিদ্ধ কার্যকলাপের সাথে জড়িত নয় এবং কোন উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে খেলাপী নয়।

৯। মহিলাদের এই অনুদান আবেদন করার জন্য অত্যন্ত অনুপ্রাণিত করা হচ্ছে।

১০। আইনি সহায়তা নথি (যেমন ট্রেড লাইসেন্স, ব্যাঙ্ক অ্যাকাউন্টের প্রমাণ) যথাযথ প্রক্রিয়ার (due diligence process) অংশ হিসাবে জমা দিতে হবে।

**আবেদন এবং জমাদানের তথ্যঃ**

আবেদনকারীরা আমাদের আঞ্চলিক দলের সহায়তায় তাদের আগ্রহ প্রকাশের জন্য একটি সম্পূর্ণ আবেদন বা ভিডিও বিবৃতির মাধ্যমে জমা দিতে পারেন এই ইমেইল এ procurement@acdivocalpin.org যেখানে **'Feed the Future Bangladesh Livestock and Nutrition Activity Call for Application 3'** সাবজেক্ট লাইন উল্লেখ করতে হবে। আঞ্চলিক টিম লিডের মোবাইল নম্বরগুলি নীচে দেওয়া হল:

| নাম | অঞ্চল | মোবাইল নম্বর |
|---|---|---|
| সাজেদা ইয়াসমিন | যশোর | ০১৯১২৫২৪৪৭২ |
| ডা আব্দুস সালাম | বরিশাল | ০১৭১৯৪৫০৩৩৪ |
| মোহাম্মদ কামরুজ্জামান | কক্সবাজার | ০১৭১২০১৯৭৬৪ |

প্রথম প্রাপ্তিতে আবেদনগুলি ব্যাচে মূল্যায়ন করা হবে। প্রথম ব্যাচের শেষ তারিখ ২৬ আগস্ট, ২০২৩ বাংলাদেশ সময় বিকাল ৫ টায়। নির্বাচন প্রক্রিয়ার পরবর্তী রাউন্ডের জন্য শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত সংস্থাগুলির সাথে যোগাযোগ করা হবে। কার্যকলাপটি প্রতি মাসের শেষে আবেদনগুলি গ্রহণ করা এবং মূল্যায়ন করা অব্যাহত থাকবে জুলাই ২৬, ২০২৪ পর্যন্ত।

**ফরম্যাট**

১। এই অনুদানে আবেদন জমা দেওয়ার সাথে সম্পর্কিত সমস্ত খরচ আবেদনকারীর বহন করবেন।
২। কোন প্রকার আলাপ-আলোচনা ছাড়া, ACDI/VOCA অনুদান না দেওয়ার অধিকার সংরক্ষণ করে।
৩। প্রযুক্তিগত পদ্ধতি এবং সংশ্লিষ্ট বাজেটের জন্য আবেদনকারীদের অবশ্যই Annex A (সংযুক্তি - এ )-তে দেওয়া টেমপ্লেট ব্যবহার করতে হবে।
৪। সরবরাহকৃত টেমপ্লেটে বাংলায় আবেদনপত্র জমা দিতে হবে।
৫। আবেদনটি অবশ্যই আবেদনকারী সংস্থার একজন কর্মচারী দ্বারা স্বাক্ষরিত হতে হবে যিনি আবেদনের উপর আরও আলোচনা এবং/অথবা আলোচনায় সংস্থার প্রতিনিধিত্ব করার জন্য যথাযথভাবে অনুমোদিত।

**প্রযুক্তিগত বিভাগের জন্য অতিরিক্ত নির্দেশাবলীঃ**

১। পর্যায়ক্রমিক রিপোর্টিং (ত্রৈমাসিক) এবং চুক্তি মোতাবেক পরিষেবা এবং কার্যক্রম জমা দেওয়া।
২। ব্যবসায়িক ক্রিয়াকলাপগুলিকে উন্নত করার জন্য সুপারিশমালা গ্রহনের সম্মতি।
৩। সাংগঠনিক এবং অ্যাকাউন্টিং সিস্টেমের উন্নতির জন্য সুপারিশমালা গ্রহন করা।
৪। আবেদনে উল্লিখিত ব্যবসায়িক মেট্রিক্সের উপর বিনিয়োগ এবং ত্রৈমাসিক প্রতিবেদনে আরও ভাল রিটার্ন প্রদর্শন করণ।

**বাজেটের জন্য অতিরিক্ত নির্দেশাবলীঃ**

১। আবেদনকারীদের শুধুমাত্র সেই খরচগুলি প্রস্তাব করা উচিত যা আবেদনে বর্ণিত কার্যকলাপগুলি সম্পাদন করার জন্য প্রয়োজনীয় এবং যুক্তিসঙ্গত।
২। খরচের আইটেমগুলি মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারের প্রবিধান ২ সিএফআর (CFR) ২০০ সাবপার্ট ই-তে খরচ নীতির মানদণ্ডের অধীনে পর্যালোচনা করা হবে।
৩। আবেদনকারীদের একটি বাজেট বর্ণনা জমা দিতে হবে যা বাজেটে প্রস্তাবিত খরচের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে এবং ন্যায্যতা দেয়। ব্যাখ্যাটি পর্যালোচককে বুঝতে সাহায্য করবে কেন ব্যয়ের এই আইটেম প্রয়োজনীয় এবং এটি যে কার্যকলাপের জন্য ব্যয় করা হবে তা কীভাবে এটি ব্যবহার করবে।

**সাধারণ নিয়ম ও শর্তাবলীঃ**

১। এই আবেদন আহবানে শর্ত ইস্যু করা কোনোভাবেই ইউএসএআইডি (USAID) দ্বারা কোনো চুক্তি সম্পাদনের প্রতিশ্রুতি বদ্ধ নয়।
২। অনুদান বা প্রত্যাখ্যানঃ সমস্ত যোগ্য আবেদনের মূল্যায়ন করা হবে এবং সেইসব ব্যবসা বা সংস্থাকে অনুদান দেওয়া হবে যাদের সক্ষমতা প্রাণিসম্পদ এবং পুষ্টি কার্যকলাপের সর্বোত্তম স্বার্থে বলে মনে করা হয়। এসিডিআই/ভিওসিএ (ACDI/VOCA) তার সর্বোত্তম স্বার্থে নির্ধারিত হলে যেকোনো বা সমস্ত আবেদন প্রত্যাখ্যান করার যোগ্যতা/অধিকার সংরক্ষণ করে। এসিডিআই/ভিওসিএ (ACDI/VOCA) সমস্ত আবেদনকারীদের লিখিত বিজ্ঞপ্তি প্রদান করবে, যে তাদের আবেদন সম্ভাব্য অর্থায়নের জন্য নির্বাচিত হয়েছে বা করা হয়নি।

৩। আবেদন প্রস্তুতির খরচঃ একটি আবেদন প্রস্তুত বা জমা দেওয়ার জন্য একটি ব্যবসা বা সংস্থার যে কোনও খরচ আবেদনকারীকে বহন করতে হবে; এসিডিআই/ভিওসিএ (ACDI/VOCA) কোনো প্রাক-অনুদান খরচের জন্য কোনো আবেদনকারীকে পরিশোধ করবে না।

৪। আবেদনের ফর্মঃ প্রতিটি আবেদন অবশ্যই এই সিএফএ (CFA)-তে সংযুক্তি এ (A) হিসাবে প্রদত্ত আবেদনপত্র ব্যবহার করে জমা দিতে হবে।

৫। ব্যতিক্রমঃ সমস্ত আবেদন এখানে বর্ণিত নিয়ম ও শর্তাবলী সাপেক্ষে নির্ধারিত হবে। যেকোনো আবেদনকারীর দ্বারা অন্যান্য শর্তাবলী সংযুক্ত করলে সেই আবেদন প্রত্যাখ্যানের কারণ হতে পারে।

৬। আবেদনকারীর প্রতিনিধিঃ প্রতিটি আবেদনকারীকে তার আবেদনের সাথে ব্যবসা বা সংস্থাকে আবদ্ধ করার জন্য কর্তৃপক্ষের কাছে ব্যক্তির নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর জমা দিতে হবে এবং প্রশ্নের উত্তর দিতে হবে বা আবেদনের বিষয়ে ব্যাখ্যা দিতে হবে।

৭। মালিকানা তথ্যঃ বাণিজ্য গোপনীয়তা বা অনুরূপ মালিকানাধীন তথ্য যা আবেদনকারী মূল্যায়নের সাথে জড়িত কর্মীদের ব্যতীত অন্য কারো কাছে প্রকাশ করতে চান না, তা স্থানীয় বা ফেডারেল আইন দ্বারা অনুমোদিত পরিমাণে গোপনীয় রাখা হবে। যেকোন মালিকানা তথ্য নিম্নরূপ চিহ্নিত করা আবশ্যক: প্রতিটি পৃষ্ঠা উপরে এবং নীচে "গোপনীয়" হিসাবে বোল্ডফেসে চিহ্নিত করা হবে। আবেদনের যে কোনো বিভাগ যেটি গোপনীয় থাকবে তাও সেই বিভাগের শিরোনাম পৃষ্ঠায় বোল্ডফেসে চিহ্নিত করা হবে। লাইভস্টক অ্যান্ড নিউট্রিশন অ্যাক্টিভিটি প্রো-গ্রামের সাথে জড়িত সমস্ত সংস্থার মালিকানার তথ্যের গোপনীয়তা বজায় রাখবে।

৮। ফেডারেল সার্টিফিকেশনঃ ফেডারেল তহবিল প্রাপ্ত সংস্থাগুলিকে যে কোনও প্রযোজ্য ফেডারেল সার্টিফিকেশন কার্যকর করতে হবে যা লবিং সংক্রান্ত সার্টিফিকেশন, মাদকদ্রব্য অপরাধ এবং মাদক পাচারের সার্টিফিকেশন, সন্ত্রাসী অর্থায়ন সংক্রান্ত সার্টিফিকেশন, এবং ব্যক্তিদের পাচার সংক্রান্ত সার্টিফিকেশন।

৯। অনুমোদিত কার্য পরিকল্পনার অনুদান অর্থ পরিবেশ দূষণ হ্রাস এবং পর্যবেক্ষণ পরিকল্পনা (EMMP) সাপেক্ষে হতে পারে। এসিডিআই/ভিওসিএ (ACDI/VOCA) টেকনিক্যাল/প্রোগ্রাম মনিটর কো-ক্রিয়েশন প্রক্রিয়া চলাকালীন ইএমএমপি (EMMP) সংক্রান্ত নির্বাচিত আবেদনকারীদের অতিরিক্ত নির্দেশনা প্রদান করবে।

**মূল্যায়ন**

নীচের সারণীতে মূল্যায়নের মানদণ্ডের বিপরীতে আবেদনগুলি মূল্যায়ন করা হবে।

| মানদণ্ড বিভাগ | মূল্যায়ন মানদণ্ড | সর্বোচ্চ স্কোর |
|---|---|---|
| বর্তমান ব্যবসার প্রোফাইল | - ব্যবসায়িক অভিজ্ঞতা<br>- টিওআর (TOR) এ উল্লিখিত উদ্যোক্তার ধরন অনুযায়ী বর্তমান ব্যবসার অভিজ্ঞতা।<br>- বর্তমান ব্যবসায় উদ্ভাবনের ডিগ্রি<br>- বর্তমান ব্যবসার প্রোফাইল- মাসিক বিক্রয়ের মাত্রা এবং পরিমাণ, বাজার এবং সরবরাহ চেইনের সাথে সংযোগ, প্রতিযোগিতামূলক সুবিধা এবং অনুরূপ ম্যাট্রিক্স<br>- বৈষম্যহীন এবং এইচআর বিষয়ক লিখিত নীতির উপস্থিতি। | ২০% |

| | | |
|---|---|---|
| ব্যবসা সম্প্রসারণ পরিকল্পনা | - সুবিধাগুলি গ্রহণ করার জন্য আবেদনকারী একটি অবহিত বিবরণের মাধ্যমে সম্প্রসারণ পরিকল্পনাকে গ্রহনযোগ্যতা দেয়।<br>- আবেদনকারী অন্যান্য অনুরূপ উদ্যোক্তাদের তুলনায় তার প্রতিযোগিতামূলক সুবিধাকে ভালভাবে সমর্থন করে।<br>- কর্মসংস্থান সৃষ্টির ক্ষমতা। | ২০% |
| বাজেট | - প্রস্তাবিত কাজের জন্য একটি বাস্তব সম্মত ও যথেষ্ট মুল্যের বাজেট প্রণয়ন।<br>- ব্যবসার সম্প্রসারণ পূরণের জন্য মেচিং বাজেট (ইন-কাইন্ড বা নগদ অবদান) | ২০% |
| প্রত্যাশিত ফলাফল | - আবেদনকারী কার্যকরভাবে দেখায় যে প্রকল্পের ফলে ব্যবসার পরিমাণ, গ্রাহকের সংখ্যা, কর্মসংস্থানের সুযোগ এবং আবেদনে উল্লিখিত অনুরূপ কর্ম ফলাফল বৃদ্ধি পাবে।<br>- স্থায়িত্ব<br>- প্রস্তাবিত কাজের সাথে যুক্ত সম্ভাব্য পরিবেশগত হুমকি | ২০% |
| ব্যবসায় নারী নেতৃত্ব | - ব্যবসায় নেতৃত্ব ও ব্যবস্থাপনা নারীবান্ধব হবে।.<br>- তহবিল ও সম্পদের ব্যবহারের ক্ষমতা<br>- বাজার সম্ভাবনা | ১০% |
| ডিউ ডিলিজেন্স | - কর্পোরেট ইমেজ/প্রভাব (রেড ফ্ল্যাগ সমস্যা, নেতিবাচক মিডিয়া, মুলতুবি মামলা, যৌন হয়রানি, শিশু শ্রম/জোর করে শ্রম, ইউএসএআইডি নিয়ম ও প্রবিধানের সাথে সামঞ্জস্য। | ১০% |
| সর্বোমোট | | ১০০% |

উপরন্তু, লাইভস্টক এন্ড নিউট্রিশন এক্টিভিটি ২২ সি এফ আর ২১৬ দ্বারা প্রয়োজনীয় নকশা ও বাস্তবায়নে পরিবেশগত সুস্থতা এবং সম্মতি নিশ্চিত করবে।